



মাদকমুক্ত সুস্থ জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

■ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

■ সংখ্যা : ১০২

■ বর্ষঃ ১২

■ আগস্ট-২০১৭

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপিত



মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে বক্তব্য প্রদান করেন, স্বরাষ্ট্রমন্ত্রী, জনাব আসাদুজ্জামান খান এমপি বিশ্বব্যাপী জনগণকে সচেতন করে সম্মিলিত প্রয়াসের মাধ্যমে মাদকের ভয়াবহ সংকট থেকে উত্তরণের জন্য ১৯৮৭ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের ৪২তম অধিবেশনে ২৬ জুনকে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই থেকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় নানা কর্মসূচির মধ্য দিয়ে বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে। বাংলাদেশেও প্রতি বছরের ন্যায় এবছর দিবসটির তাৎপর্য তুলে ধরার জন্য তুণমূল পর্যায় পর্যন্ত নানা কর্মসূচি গ্রহণ করা হয়। তবে এ বছর ২৬ জুন পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হওয়ায় ২৬ জুলাই দিবসটির কর্মসূচি পালন করা হয়। দিবসটির এ বছরের প্রতিপাদ্য বিষয়ঃ Listen FIRST: Listening to children and youth is the first step to help them grow healthy and safe (আগেগুনুন “শিশু ও যুবাদের প্রতি মনোযোগ দেয়াই তাদের নিরাপদ বেড়ে উঠার প্রথম পদক্ষেপ”) দিবসটি উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে জন্ম কর্মসূচি গ্রহণ করা হয়। জাতীয় ও জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং ৬৪টি জেলায় পালন করা হয়।



মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে বক্তব্য প্রদান করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব, জনাব ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী

জাতীয় পর্যায়ে প্রধান কর্মসূচি আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুপ্রিম কোর্টের বিশিষ্ট আইনজীবী জনাব আব্দুল বাছেত মজুমদার এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, মাদকের বিরুদ্ধে সরকার 'জিরো টলারেপ' ঘোষণা করেছেন। সুতরাং মাদকের সাথে যার সম্পৃক্ততা থাকবে তাদের কাউকেই ছাড় দেয়া হবে না।

বিশেষ অতিথি বিশিষ্ট আইনজীবী জনাব আব্দুল বাছেত মজুমদার বলেন, মাদক সমস্যার সমাধান সরকারের একার পক্ষে সম্ভব নয় এজন্য সকলকে যার যার অবস্থান থেকে ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানের বিশেষ অতিথি সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী বলেন, মাদকাসক্তি ব্যক্তির শারীরিক ও সামাজিক ক্ষতি করার পাশাপাশি তাঁর জীবনের সকল সম্ভবনাকে ধ্বংস করে দেয়। বস্তুত: এ ভয়াবহ কৌতূহলজনিত সামাজিক ব্যাধি জীবন থেকে জীবন কেড়ে নেয়। যে পরিবারে একজন মাদকাসক্ত রয়েছে সে পরিবারে দুঃখ-দুর্দশার সীমা নেই। মাদকাসক্তরা জড়িয়ে পড়ছে নানা রকম অপরাধমূলক কর্মকাণ্ডে। বিনষ্ট হচ্ছে সামাজিক স্থিতিশীলতা। বাধগ্রস্ত হচ্ছে উন্নয়নের ধারা। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তিতে রূপকল্প ২০২১ এ ঘোষিত সুখী, সমৃদ্ধ, উন্নত, তথ্য-প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এখনই মাদকাসক্তিমুক্ত একটি সুন্দর সমাজ গঠনের উদ্যোগ গ্রহণের উৎকৃষ্ট সময়। দেশের উন্নয়নের স্বার্থে, দেশের মানুষের কল্যাণে ও ভবিষ্যৎ প্রজন্মকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রত্যাশিত সোনার বাংলা উপহার দেয়ার লক্ষ্যে স্ব স্ব অবস্থান থেকে একসঙ্গে কাজ করা এবং দিন বদলের মাধ্যমে মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। দেশের ভবিষ্যৎ প্রজন্মকে একটি সুন্দর, সুবৃজ, উন্নত ও সোনার বাংলা উপহার দিতে তিনি মাদকমুক্ত সমাজ গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।



মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে বক্তব্য প্রদান করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ

অনুষ্ঠানের সভাপতি জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ বলেন, মাদকাসক্তির প্রধান শিকার তরুণ ও যুবসমাজ। আমাদের শিশু ও যুবরা যাতে মাদকের

কবলে না পড়ে, সেজন্য তাদের প্রতি মনোযোগ দিতে হবে- তাদের কথা শুনতে হবে। আমরা যদি তাদেরকে প্রয়োজনীয় সময় দেই, তাদের মনের ইচ্ছে বা কথাকে গুরুত্ব দেই, তাহলে মাদকের অশুভ শক্তি থেকে তাদেরকে রক্ষা করা সম্ভব হবে। কাজেই এ ব্যাপারে সমাজের সবাইকে সচেতন হওয়া আজ সময়ের দাবি। মাদক একটি জটিল ও বহুমাত্রিক সামাজিক সমস্যা। বহুকাল ধরে এ সমস্যা পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় ভূখণ্ড ছেড়ে আন্তর্জাতিক রূপ পরিগ্রহ করেছে। বাংলাদেশ কোন মাদক উৎপাদনকারী দেশ না হয়েও ভৌগোলিক অবস্থানগত কারণে এ সমস্যা থেকে মুক্ত হতে পারেনি। তাই মাদক সমস্যা থেকে মুক্ত হওয়ার জন্য আমাদেরকে প্রতিনিয়ত এ অশুভ শক্তির বিরুদ্ধে যুদ্ধ করতে হচ্ছে। বাংলাদেশে মাদকের অপব্যবহার ও অবৈধ পাচার বন্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নোডাল এজেন্সি হিসেবে কাজ করছে। আমাদের পাশাপাশি পুলিশ, বিজিবি, র‍্যাব, কোস্টগার্ড, কাস্টমস, আনসার ও ভিডিপিসহ বিভিন্ন আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও কাজ করে যাচ্ছে। তবে কেবলমাত্র আইন প্রয়োগের মাধ্যমে মাদকের মত বহুমাত্রিক সমস্যার সমাধান সম্ভব নয়। বরং মাদকের ভয়াবহতার মর্মস্পর্শী ও করুণ চিত্র সমাজের সর্বস্তরের মানুষের সামনে তুলে ধরে মাদকবিরোধী ব্যাপক সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। তিনি এ অনুষ্ঠানে উপস্থিত সকল শ্রেণি পেশার প্রতিনিধিদেরকে মাদকের বিরুদ্ধে সম্মিলিত প্রতিরোধ গড়ে তোলার জন্য উদাত্ত আহ্বান জানান।



২৬ জুলাই ২০১৭ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে স্থাপিত স্টল পরিদর্শন করেন মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এমপি কর্মকর্তা, ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী, শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা এবং এনজিও প্রতিনিধিসহ সমাজের বিভিন্ন স্তরের ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

UNODC এর উদ্যোগে বাংলাদেশে ফার্মাসিউটিক্যালস্ ড্রাগস্ এর অপব্যবহার ও পাচাররোধ বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন



প্রশিক্ষণের ভেন্যু হোটেল দি অর্চার্ড স্যুটস লিঃ বনানী, ঢাকায় প্রশিক্ষণার্থীদের সঙ্গে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ ১৭-১৮ জুলাই ২০১৭ তারিখে United Nations Office on Drugs and Crime (UNODC) এর উদ্যোগে বাংলাদেশে ফার্মাসিউটিক্যালস্ ড্রাগস্ এর অপব্যবহার ও পাচাররোধ বিষয়ক একটি কর্মশালা ঢাকার বনানীতে অবস্থিত হোটেল দি অর্চার্ড স্যুটস লিঃ এ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের উদ্বোধন করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন United Nations Office on Drugs and Crime (UNODC) এর Project Coordinator and law Enforcement Expert Mr. Prabhjeet Gulati. বাংলাদেশের বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধিরা উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

ময়মনসিংহে বিভাগীয় মাদকবিরোধী সমাবেশ



৩০ জুলাই ২০১৭ তারিখে এডভোকেট তারেক স্মৃতি অভিটোরিয়াম, ময়মনসিংহে মাদকবিরোধী বিভাগীয় সমাবেশে উপস্থিত স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এমপি এবং অন্যান্য অতিথিবৃন্দ



২৬ জুলাই ২০১৭ ওসমানী স্মৃতি মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এমপি

অনুষ্ঠানে জানুয়ারি মাসব্যাপী পালিত অনুষ্ঠানমালার ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। উক্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীগণসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়ের

মাদকমুক্ত সুস্থ জীবন

উপদেষ্টা : মোঃ জামাল উদ্দীন আহমেদ
মহাপরিচালক

সম্পাদক : মোঃ মফিদুল ইসলাম
পরিচালক (নিরোধ শিক্ষা)

সহ-সম্পাদক : মোহাম্মদ রুহুল আমিন
সহকারী পরিচালক (গ: ও প্র:)

মাসিক বুলেটিন

■ সংখ্যা : ১০২

■ বর্ষ : ১২

■ আগস্ট : ২০১৭

ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় রেঞ্জ পুলিশ ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের যৌথ উদ্যোগে ও ময়মনসিংহ পৌরসভার পৃষ্ঠপোষকতায় নগরীর এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে একটি মাদকবিরোধী বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রিন্সিপাল মতিউর রহমান, মাননীয় সংসদ সদস্য জনাব নাজিম উদ্দিন আহমেদ, সালাউদ্দিন মুক্তি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ, ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি জনাব নিবাস চন্দ্র মাঝি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনার জনাব জি.এম.সালেহ উদ্দিন।



৩০ জুলাই ২০১৭ তারিখে এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়াম, ময়মনসিংহে মাদকবিরোধী বিভাগীয় সমাবেশে বক্তব্য প্রদান করেন স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এমপি

সমাবেশে প্রধান অতিথি হিসেবে স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এমপি বলেছেন, বাংলাদেশে কোন মাদক তৈরি হয় না। পাশের দেশ থেকে বাংলাদেশে মাদক আসে। ইতিমধ্যে ভারতের সঙ্গে আলোচনার মাধ্যমে বাংলাদেশে মাদক প্রবেশ কমিয়ে ফেলা হয়েছে। তিনি আরো বলেন, “মাদক প্রতিরোধে আমরা গ্রাম থেকে গ্রামান্তরে ঘুরে বেড়াচ্ছি। জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ে সমাবেশ করছি। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্সের কথা বলেছেন প্রধানমন্ত্রী। মাদক প্রতিরোধে আমরা সব ধরনের প্রচেষ্টা নিয়েছি। ইয়াবার জন্য সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা করা হচ্ছে। মাদক ব্যবসায়ীরা সমাজপতি-প্রভাবশালী হলেও কোনো ছাড় নেই। এটা মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ। আমরা সেভাবেই কাজ করছি। তাই মাদক ব্যবসায়ীদের সম্পর্কে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্ভয়ে তথ্য দিন। ফোনে অভিযোগ করুন। নাম-পরিচয় গোপন রাখা হবে।” মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ বলেন, মাদক নিয়ন্ত্রণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। মাদক নিয়ন্ত্রণে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।



৩০ জুলাই ২০১৭ তারিখে এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়াম, ময়মনসিংহে মাদকবিরোধী বিভাগীয় সমাবেশে বক্তব্য রাখছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ

নিরোধ শিক্ষামূলক কার্যক্রম

জুলাই/ ২০১৭ পর্যন্ত সময়ে সারাদেশে বিভিন্ন মাধ্যমে মাদকবিরোধী প্রচারাভিযান সংক্রান্ত মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রমের তথ্যঃ

বিভাগীয় কার্যালয়ের নাম	সভা/ সেমিনার/ ওয়ার্কশপ	পোস্টার বিতরণের সংখ্যা	লিফলেট বিতরণের সংখ্যা	শর্ট ফিল্ম প্রদর্শন
ঢাকা	১২৬	৫৩৬০	২০৭০০	৫১
চট্টগ্রাম	৯৫	২০৫০	২২২২০	২৫
রাজশাহী	৩১৭	৪৪৫০	১২১১০	৭৫
খুলনা	৬৩	৩৬১৭	১৭৬৫৫	২২
বরিশাল	৪৫	৬০০	১৫৫০	০৩
সিলেট	২৩	৭২৫	৮৮৬৬	০৩
মোটঃ	৬৬৯	১৬৮০২	৮৩১০১	১৭৯

শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠন

জুলাই/ ২০১৭ পর্যন্ত সময়ে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠনসংক্রান্ত পরিসংখ্যান

বিভাগের নাম	বিদ্যমান প্রতিষ্ঠানের সংখ্যা	কমিটি গঠিত হয়েছে এরূপ প্রতিষ্ঠানের সংখ্যা	কমিটি গঠিত হয়নি এমন প্রতিষ্ঠানের সংখ্যা	কমিটি গঠনের শতকরা হার
ঢাকা	৭৪৮৮	৫০১৬	২৪৭২	৬৬.৯৫%
চট্টগ্রাম	৪৭০৮	৪৩৭৯	৩২৯	৯৩.০১%
রাজশাহী	১০১৭০	৮৯৫০	১২২০	৮৮.০০%
খুলনা	৪৪৮৭	৩৮১৭	৬৭০	৮৫.০৬%
বরিশাল	৪০২৯	২২৮০	১৭৪৯	৫৬.৫৮%
সিলেট	১১৭৫	১১৭৫	-	১০০%
মোট	৩২০৫৭	২৫৬১৭	৬৪৪০	৭৯.৯১%

কমিটি গঠন সংক্রান্ত তথ্য পর্যালোচনা করলে দেখা যায় যে, সবচেয়ে বেশি কমিটি গঠিত হয়েছে সিলেট বিভাগে (১০০%) এবং সবচেয়ে কম কমিটি গঠিত হয়েছে বরিশাল বিভাগে (৫৬.৫৮%)।

মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম

জুলাই/২০১৭ মাসে দেশব্যাপী যে মাদকবিরোধী কর্মসূচি পালন করা হয় তার কিছু সংবাদচিত্র :



২৬ জুলাই ২০১৭ তারিখে চট্টগ্রাম জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র্যালী অনুষ্ঠিত হয়



২৬ জুলাই ২০১৭ তারিখে যশোর জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র্যালী অনুষ্ঠিত হয়



২৬ জুলাই ২০১৭ তারিখে কক্সবাজার জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র্যালী অনুষ্ঠিত হয়



২৬ জুলাই ২০১৭ তারিখে বিনাইদহ জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র্যালী জেলা সদরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে



২৯ জুলাই ২০১৭ তারিখে চট্টগ্রামে বেসরকারি উন্নয়ন সংস্থা কারিতাস কর্তৃক আয়োজিত মাদকবিরোধী আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মোট্রোঃ উপঅঞ্চলের উপপরিচালক জনাব শামীম আহমেদ



২৬ জুলাই ২০১৭ তারিখে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলা চত্বরে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মাদকবিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত



২৬ জুলাই ২০১৬ তারিখে রাজবাড়ি জেলায়, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র্যালী অনুষ্ঠিত হয়

অপারেশনাল কার্যক্রম

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মামলা, আসামী, উদ্ধারকৃত অবৈধ মাদকদ্রব্য ও এর আনুমানিক মূল্যের পরিসংখ্যান: জুলাই/২০১৭

আইন-আদালত (জুলাই-২০১৭)

উপ-অঞ্চল/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ভিত্তিক আগস্ট-২০১৭ মাসের মামলা ও আসামীর পরিসংখ্যান :

বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের নাম	জুলাই-২০১৭					
	নিয়মিত		মোবাইল কোর্ট		মোট মামলা	মোট আসামী
	মামলা	আসামী	মামলা	আসামী		
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা	১৮৮	২২৬	৮০	৮০	২৬৮	৩০৬
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চট্টগ্রাম	৭৬	৮৬	১২৯	১২৯	২০৫	২১৫
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা	৭৫	৮১	৩৫	৩৫	১১০	১১৬
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী	১০৫	১২০	১১৭	১১৮	২২২	২৩৮
গোয়েন্দা শাখা	৩৪	৪৩	৩	৩	৩৭	৪৬
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, সিলেট	৩০	৩৭	২০	২০	৫০	৫৭
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বরিশাল	১১	২০	২	২	১৩	২২
মোট	৫১৯	৬১৩	৩৮৬	৩৮৭	৯০৫	১০০০

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলা, আসামী, উদ্ধারকৃত অবৈধ মাদকদ্রব্য ও এর আনুমানিক মূল্যের পরিসংখ্যান: জুলাই/২০১৭

ক্রঃ নং	মাদকদ্রব্যের নাম	জুলাই/২০১৭			
		মামলা	আসামী	মাদকদ্রব্যের পরিমাণ	
১	হেরোইন	৬৫	৭৯	৩.৮৩১	কেজি
২	কোকেন				কেজি
৩	অফিম	১	১	১.২	কেজি
৪	গাঁজা	৩৯১	৪১০	২৮৭.১৬	কেজি
৫	গাঁজা গাছ	২	২	১৭৩	টি
৬	অবৈধ চোলাই মদ	৭৬	৮৩	৬৯৮.৭৫	লিটার
	দেশী মদ	৩	৩	৪	লিটার
৭	বিদেশী মদ	১	২	৬.৭৫	লিটার
৮	বিদেশী মদ	২	৪	২৩৯	বোতল
৯	বিয়ার	২	৩	৪১	ক্যান
১০	রেক্সিফাইড স্পিরিট	১	১	৪৭	লিটার
১১	ডিনেচার্ড স্পিরিট	১৭	১৭	৯৬২	লিটার
১২	কোডিনের মিশ্রণ (ফেসিডিল)	৪৪	৫১	১৮৪৮	বোতল
১৩	কোডিনের মিশ্রণ (ফেসিডিল)				লিটার
১৪	তাড়ী (টোডি)	১২	১২	২৩৭.৫	লিটার
১৫	পটুই	৬	৫	১২৭০	লিটার

ক্রঃ নং	মাদকদ্রব্যের নাম	জুলাই/২০১৭			
		মামলা	আসামী	মাদকদ্রব্যের পরিমাণ	
১৬	ডায়াজিপাম	৮	৮	২৫	টি
১৭	পেথিডিন				এ্যাম্পুল
১৮	বুপ্রেনরফিন (টি.ডি. জেসিক ইঞ্জেকশন)				এ্যাম্পুল
১৯	ফার্মেন্টেড ওয়াশ (জাওয়া)	৪	৫	৩৩১০	লিটার
২০	অন্যান্য	৩	৩		
২১	ইয়াবা টেবলেট	২৫২	২৯৬	১৪১৮৭১	টি
২২	নগদ অর্থ			২৬২১০০	
২৩	প্রাইভেট কার			১	টি
২৪	সি, এন, জি			২	টি
২৫	মোবাইল সেট			১০	টি
২৬	ট্রাক			১	টি
২৭	মোটর সাইকেল			৫	টি
২৮	বুপ্রেনরফিন (লুপিজেসিক ইঞ্জেকশন)	৭	৮	২৩০	এ্যাম্পুল
২৯	বাইসাইকেল			২	টি
৩০	এনার্জি ড্রিংস (ইত্যাদি)	৬	৬	১২৭৫	বোতল
৩১	পারভো কফ	১	০	১৫	বোতল
৩২	ড্যান্ডি ও নেশাজাতীয় গাম	১	১	০.৪	কেজি
	মোট	৯০৫	১০০০		

রাজধানীর ধানমন্ডি এলাকার বিভিন্ন স্থান থেকে ৫০,০০০ পিস ইয়াবা উদ্ধারসহ গ্রেফতার ৬



০৯ জুলাই ২০১৭ তারিখে রাজধানীর অভিজাত এলাকা ধানমন্ডির বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ৫০ হাজার পিস ইয়াবাসহ ০৬ জন কুখ্যাত মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

এ যেন আলাদিনের চেরাগ পাওয়ার মতো। স্যানিটারি ব্যবসার আড়ালে চলিয়ে আসছিল কোটি কোটি টাকার ইয়াবার বাণিজ্য। গ্রেফতারকৃতদের নামে বিলাসবহুল ফ্ল্যাট ছাড়াও রয়েছে অত্যাধুনিক মডেলের গাড়ি। রাজধানীর এলিফ্যান্ট রোড ও কলাবগানে তারা বিলাস বহুল ফ্ল্যাটে এবং রাজবাজারের একটি ভাড়া ফ্ল্যাটে ইয়াবার এ ব্যবসা পরিচালনা করতেন।



০৯ জুলাই ২০১৭ তারিখে ৫০,০০০ পিস ইয়াবা ও নগদ ২,৮০,০০০ টাকা উদ্ধারের পর আয়োজিত সাংবাদিক সম্মেলনে বক্তব্য দেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ

তারা এত কৌশলে ইয়াবার ব্যবসা চালিয়ে যাচ্ছিল যে এর আগে কখনও কোন আইন শৃঙ্খলা বাহিনীর হাতে গ্রেফতার হননি মর্মে জানা যায়। অবশেষে গ্রেফতার করা হলো পুরো মাদক সিডিকেটটিকে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ এর একটি টিম ৯ জুলাই ২০১৭ তারিখে টানা ৫ ঘন্টা অভিযান চালিয়ে রাজধানীর এ্যালিফ্যান্ট রোড, কলাবাগান ও রাজাবাজার এলাকা থেকে পুরো চক্রটিকে ৫০ হাজার পিস ইয়াবা ও নগদ ২,৮০,০০০ টাকাসহ ০৬ জন কুখ্যাত মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

রাজধানীতে পৃথক দুটি অভিযানে ২১ হাজার পিস ইয়াবা, ৩০ হাজার টাকা এবং ১টি মোবাইল ফোন উদ্ধারসহ আটক ৩



২১ হাজার পিস ইয়াবা, ৩০ হাজার টাকা এবং ১টি মোবাইলসহ আটক ৩

২৩ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা বিভাগীয় গোয়েন্দা শাখার উপ-পরিচালক জনাব মোঃ মামুন, এর নেতৃত্বে ও একটি টিম রাজধানীতে দুটি পৃথক অভিযান চালিয়ে ২১ হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করে।

সন্ধ্যা ৬ টায় খিলগাঁও থানার সিপাহীবাগ এলাকার যুব কল্যাণ সংসদের দক্ষিণ পাশের ৩/২/১ ঠিকানায় অবস্থিত ৫ তলা ভবনের ৩য় তলায় মোঃ শহীদুল ইসলাম শিপনের ভাড়া বাসায় অভিযান চালানো হয়। এ সময় ওই বাসার আলমারীর ভিতরে থাকা কাপড়ে মোড়ানো একটি প্যাকেট থেকে ৫ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। একই সঙ্গে মাদক বিক্রির ৩০ হাজার টাকা ও মোবাইল ফোন জব্দ করা হয়। এ সময় শিপনের স্ত্রী মুনা আক্তার ইতি ও তার সহযোগী মোঃ রিয়াদকে আটক করা হয়। অভিযানকালে শিপন ঘটনা স্থলে না থাকায় তাকে আটক করা সম্ভব হয়নি।

পরে আরেকটি গোপন সংবাদের ভিত্তিতে ওয়ারী থানার ২৭ ভজহরি স্ট্রীটের ৫ তলা ভবনের ৪র্থ তলায় রানী বেগমের ভাড়া বাসায় অভিযান চালানো হয়। ওই বাসার আলমারীর ভিতর থাকা কাপড়ে মোড়ানো একটি প্যাকেট থেকে ১৬ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয় এবং মাদক ব্যবসায়ী রানী বেগমকে আটক করা হয়। অভিযানে অংশ নেয়া ঢাকা, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের তত্ত্বাবধায়ক জনাব মোঃ ফজলুল হক খান বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে রানী বেগম জানিয়েছে,

কক্সবাজারের টেকনাফ থেকে তিনি নিজে ইয়াবাগুলো বহন করে এনে রাজধানীর বিভিন্নস্থানে বিক্রি করেন।

তিনি আরো জানান, আটকদের বিরুদ্ধে রাজধানীর খিলগাঁও ও ওয়ারীতে পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

রাজধানীর লালবাগ এলাকা থেকে ১৫ কেজি গাঁজা উদ্ধারসহ আটক ২



১৫ কেজি গাঁজাসহ আটক ২

১ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সূত্রাপুর সার্কেল এর পরিদর্শক মোঃ হেলাল উদ্দিন ভূঁইয়ার নেতৃত্বে ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম রাজধানীর লালবাগ এলাকায় অভিযান পরিচালনা করে ১৫ কেজি গাঁজাসহ ২ জন কুখ্যাত মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত আসামীরা হলেন শামীম মোল্লা (২২) ও আবু হানিফ (২৯)। আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ অনুযায়ী মামলা দায়ের করা হয়।

রাজধানীর এ্যালিফেন্ট রোড থেকে ৪২,০০০ পিস ইয়াবা জব্দসহ আটক ১



৪২,০০০ পিস ইয়াবা জব্দ

৯ জুলাই ২০১৭ তারিখ ভোর ৫.০০ টায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব সুমনুর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে রাজধানীর এ্যালিফেন্ট রোড থেকে ৪২ হাজার পিস ইয়াবাসহ ১ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

রাজধানীর রামপুরা এলাকা থেকে ৭০০ পিস ইয়াবা, ১টি প্রাইভেটকার এবং ৭০,৪০০ টাকা উদ্ধারসহ আটক ১



৭০০ পিস ইয়াবা, ১টি প্রাইভেটকার এবং ৭০,৪০০ টাকা উদ্ধারসহ আটক ১

১৯ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঢাকা বিভাগীয় গোয়েন্দা কার্যালয় কর্তৃক রামপুরা এলাকা হতে ৭০০ পিস ইয়াবা ট্যাবলেট বহনের সময় একটি প্রাইভেটকার ও নগদ ৭০,৪০০ টাকাসহ ১ জনকে আটক করা হয়।

১৯ জুলাই ২০১৭ তারিখে রাজবাড়ী জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় কর্তৃক কালুখালী থানাধীন মদাপুর ইউপির বৃ-গোপালপুর গ্রামের মৃত লিয়াকত শেখের ছেলে মোঃ আলা উদ্দিন ওরফে আলাইকে ৫০০ গ্রাম গাঁজাসহ তার নিজ বাড়ি থেকে আটক করা হয়।

মাগুরা জেলায় শালিখা উপজেলা এলাকা হতে গাঁজাসহ ১ জন মাদক ব্যবসায়ী আটক



গাঁজাসহ ১ জন মাদক ব্যবসায়ী আটক

২৩ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় মাগুরা কর্তৃক শালিখা উপজেলা এলাকা হতে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আরব আলী মেম্বারকে আটক করা হয়। অতপর শালিখা থানায় নিয়মিত মামলা করা হয়।

রাজবাড়ী জেলার সদর থানাধীন এলাকা হতে ৭৫০ পিস ইয়াবা উদ্ধারসহ আটক ২



৭৫০ পিস ইয়াবাসহ আটক ২

১৯ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় রাজবাড়ী কর্তৃক রাজবাড়ী সদর থানাধীন পাচুরিয়া ইউনিয়নের ভান্ডারিয়া গ্রামের মোঃ মেহেরউল্লাহর ছেলে রাকিবুল ইসলাম (রাজু) এবং খোলাবাড়িয়া গ্রামের মৃত সামসউদ্দিন খানের ছেলে মোঃ তারা খান কে ৭৫০ পিস ইয়াবাসহ আটক করা হয়।

রাজবাড়ী জেলার কালুখালী থানাধীন এলাকা হতে ৫০০ গ্রাম গাঁজাসহ আটক ১



৫০০ গ্রাম গাঁজা উদ্ধারসহ আটক ১

রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলা এলাকা হতে ৪০০ পিস ইয়াবাসহ আটক ১



৪০০ পিস ইয়াবাসহ আটক ১

৬ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় রাজবাড়ী কর্তৃক পরিচালিত অভিযানে বালিয়াকান্দি উপজেলার জামালপুর ইউনিয়নের ছাবনীপাড়া গ্রামের নিজ বাড়ি থেকে ৪০০ পিস ইয়াবাসহ মোঃ সেলিম মিয়া (৫০) নামে এক মাদক বিক্রেতাকে আটক করা হয়।



চট্টগ্রামে ৪০০০ পিস ইয়াবাসহ আটক ২

৪০০০ পিস ইয়াবাসহ আটক ২

২৮ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় চট্টগ্রাম মেট্রো উপঅঞ্চল কর্তৃক পরিচালিত অভিযানে চট্টগ্রাম শহরের কোতয়ালী থানাধীন এলাকা হতে ৪০০০ পিস ইয়াবাসহ ২ জনকে আটক করা হয়।



চট্টগ্রামে ৫০০০ পিস ইয়াবাসহ আটক ২

২৬ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় চট্টগ্রাম মেট্রো উপঅঞ্চল কর্তৃক পরিচালিত অভিযানে চট্টগ্রাম শহরের কোতয়ালী থানাধীন এলাকা হতে ৫০০০ পিস ইয়াবাসহ ২ জনকে আটক করা হয়।

চট্টগ্রামের
পাহাড়তলী
থানাধীন
এলাকা
হতে
১ কেজি
২০০ গ্রাম
আফিমসহ
আটক ১



১ কেজি ২০০ গ্রাম আফিমসহ আটক ১

১৭ জুলাই ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গোয়েন্দা বিভাগের এক সফল অভিযানে চট্টগ্রাম জেলার পাহাড়তলী থানাধীন অলঙ্কার মোড় হতে ১ কেজি ২০০ গ্রাম আফিমসহ মোঃ মজনু (২৪) কে আটক করা হয়।

২৫০০ পিস
ইয়াবাসহ
মিয়ানমারের
নাগরিক
আটক



২৫০০ পিস
ইয়াবাসহ
মিয়ানমারের
নাগরিক
আটক

১০ জুলাই ২০১৭ তারিখ ভোরে মিয়ানমারের নাগরিক নূর মোহাম্মদকে নগরীর বাকলিয়া থানার শাহ আমানত সেতুর প্রবেশমুখ থেকে আটক করা হয়।

নূর মোহাম্মদ মিয়ানমারের মংডু প্রদেশের টানারচর জেলার নাপপুড়া থানার বুড়া সিকদার পাড়ার মৃত নূর আহমদের ছেলে তাকে জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্যের ভিত্তিতে অধিদপ্তরের পরিদর্শক (মেট্রো) তপন কান্তি শর্মা বলেন, ৯ জুলাই ২০১৭ তারিখ দুপুর ১ টায় ঘুমদুম সীমান্ত দিয়ে নূর মোহাম্মদ উখিয়ার কুতপালং রোহিঙ্গা ক্যাম্পে আসে। মিয়ানমার থেকে আসার সময় সে ইয়াবাগুলো নিয়ে আসে।

কুপালং ক্যাম্প থেকে উখিয়া সদরে এসে রাত ১২ টার দিকে সে সৌদিয়া চেয়ারকোচে করে চট্টগ্রামের উদ্দেশ্যে রওনা দেয়। ভোর ৫ টার দিকে চেয়ারকোচ শাহ আমানত সেতু এলাকায় পৌঁছলে গোপন সংবাদের ভিত্তিতে সেখানে তল্লাশি চালায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টিম। এসময় তার শরীরের বাঁধা অবস্থায় ৫০ প্যাকেট ইয়াবা উদ্ধার করা হয়। প্রতিটি প্যাকেটে ৫০ টি করে ইয়াবা ছিল বলে জানান তপন কান্তি শর্মা।

আটক নূর মোহাম্মদের বিরুদ্ধে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে একটি এবং মাদক আইনে আরও একটি মামলা দায়ের করা হয়।

প্রশাসন অধিশাখার কার্যক্রম রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের মাধ্যমে প্রত্যক্ষভাবে রাজস্ব আদায় করা হয়। এছাড়া বিদেশ থেকে আমদানিকৃত বিভিন্ন প্রকারসর কেমিক্যালস এর মাধ্যমে আমদানি, সাইকেট্রিক সাবস্ট্যান্স আমদানি উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, খুচরা বিক্রয় এবং ব্যবহারের লাইসেন্স ফি থেকেও রাজস্ব আদায় করা হয়। অধিদপ্তরের বিভিন্ন অঞ্চল হতে জুলাই' ২০১৬ এবং জুলাই' ২০১৭ সালের মাসভিত্তিক আদায়কৃত রাজস্বের তুলনামূলক বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	অঞ্চলের নাম	জুলাই' ২০১৬	জুলাই' ২০১৭
১	ঢাকা অঞ্চল	৯৯৯২২৪২	১৬৪২০০৯৪
২	সিলেট অঞ্চল	২৮৭৪৪৫৪	৩১৭০০২০
৩	চট্টগ্রাম অঞ্চল	৪১২৬৬৪০	৪৭৫৫৪০৪
৪	খুলনা অঞ্চল	১৭৩৮৭৩৩৪	২৭৯২৮৭৫২
৫	বরিশাল অঞ্চল	৩৪৫৫৮৫	৪২৬৭৯০
৬	রাজশাহী অঞ্চল	৭৪৬৭৫৮১	৮৭৭২৮০৪
	মোট	৪২১৯৩৮৩৬	৬১৪৭৩৮৬৪

রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিবি, কাস্টমস, র্যাব ও সিআইডিসহ সকল আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। জুলাই, ২০১৭ মাসের রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান :

রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিবি, কাস্টমস, র্যাব ও সিআইডিসহ সকল আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। জুলাই, ২০১৭ মাসের রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান :

রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান

অঞ্চলের/ সংস্থা নাম	জুলাই/ ২০১৭ তে গৃহীত নমুনার সংখ্যা	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ		পেপ্তি/ স্থগিত	
		পজিটিভ	নেগেটিভ		
ঢাকা অঞ্চল	২৩৯	২৩৬	--	২৩৬	১৮
চট্টগ্রাম অঞ্চল	১৪১	১৩৫	--	১৩৫	১৯
রাজশাহী অঞ্চল	১২৪	১২২	--	১২২	১১১৬
খুলনা অঞ্চল	১৩৬	১৪১	--	১৪১	৪৫০০
বাংলাদেশ পুলিশ	৬৯৭৮	৬৪৭৮	--	৬৪৭৮	
বর্ডার গার্ড বাংলাদেশ	--	--	--	--	--
কাস্টমস, গুজ গোল্ড	০১	০১	--	০১	--
বাংলাদেশ রেলওয়ে পুলিশ	২৭	২৬	--	২৬	১১
অন্যান্য সংস্থা সিআইডি	--	--	--	--	--
মোট	৭৬৪৬	৭১৩৯	--	৭১৩৯	৪৫৭৫

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার)

নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কর্তৃক প্রকাশিত।
ফোন: ০২-৮৮৭০০১১, ফ্যাক্স: ০২-৮৮৭০০১০, ই-মেইল: dgdncbd@gmail.com ওয়েবসাইট: www.dnc.gov.com